# শীর্ষ মাদক কারবারিদের তালিকা করবে টাস্কফোর্স: স্বরাষ্ট্রমন্ত্রী




স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

মাদক ব্যবসা ও চোরাচালানের সঙ্গে জড়িত শীর্ষ ব্যক্তিদের চিহ্নিত করে নিরপেক্ষভাবে তালিকা প্রস্তুত করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, তালিকায় মাদক ব্যবসার মূল হোতা ও চোরাকারবারিদের অন্তর্ভুক্ত করা হবে।

বৃহস্পতিবার (৬ আগস্ট) রাতে কক্সবাজারের হিলডাউন সার্কিট হাউজে মাদক প্রতিরোধ ও আইনশৃঙ্খলা উন্নয়নবিষয়ক সভা শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন।

স্বরাষ্ট্রমন্ত্রী জানান, এ বিষয়ে গঠিত টাস্কফোর্স কমিটি কাজ করবে। তাদের প্রতিবেদনের ভিত্তিতে পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে। একই সঙ্গে মাদক নিয়ন্ত্রণে কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলেও জানান তিনি।

তিনি বলেন, যেসব রুট ব্যবহার করে দেশে মাদক চোরাচালান হয়, সেসব এলাকায় ক্যাম্প স্থাপন করা হবে। প্রয়োজন অনুযায়ী যৌথ বাহিনী ও সংশ্লিষ্ট আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা সেখানে দায়িত্ব পালন করবেন।

সালাহউদ্দিন আহমদ আরও বলেন, স্থলপথের পাশাপাশি নদীপথ ও সমুদ্রপথেও নজরদারি বাড়ানো হচ্ছে। মাদক প্রবেশ ঠেকাতে নৌবাহিনী ও কোস্ট গার্ডের টহল জোরদারের সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা বাস্তবায়ন করা হবে।

LENS ASIA